AMEICT RD
7.6.19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০৬.০১০.১৮-১১২

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৫
০৬ মার্চ ২০১৯

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরের জানুয়ারি ২০১৯ পর্যন্ত এডিপিভুক্ত জিওবি অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮-৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১১। চেয়ারম্যান, বিআরটিএ, তেজগাঁও, ঢাকা
১২। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
১৩। যুগ্ম-সচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2019-03-05

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৮-২০১৯ অর্থবছরের এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ	:	২৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	দুপুর ১২:০১ ঘটিকা
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

উপস্থাপনা :

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৮৯টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৬১টি জিওবি অর্থায়নে, ১৭টি প্রকল্প সাহায্য এবং ১১টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২০,১৮৯.২৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে। অদ্যকার সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

২. আলোচনা ও সিদ্ধান্ত

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.১ এডিপি বাস্তবায়ন</td><td>সভায় আলোচনা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে জানুয়ারি ২০১৯ পর্যন্ত জিওবি অর্থ ২৬.০৩% ব্যয় হয়েছে এবং মোট এডিপি'র ২৬.০৬% ব্যয় হয়েছ। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক এডিপি বাস্তবায়ন নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>জোনের নাম</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দ</th><th>ছাড়</th><th>ব্যয়</th><th>অগ্রগতি (%)</th></tr>
<tr><td>১</td><td>ঢাকা জোন</td><td>১৯টি</td><td>১৬৪৮.৭৪</td><td>৮২৬.৭১</td><td>৪৮৩.৫৪</td><td>২৯.৩৩</td></tr>
<tr><td>২</td><td>ময়মনসিংহ জোন</td><td>২১টি</td><td>৯১৬.৮৫</td><td>৪১৭.৮৩</td><td>৩৩৫.৪৯</td><td>৩৬.৫৯</td></tr>
<tr><td>৩</td><td>চট্টগ্রাম জোন</td><td>১২টি</td><td>৭৮১.৬৯</td><td>২৯৮.৪৫</td><td>২২১.৬২</td><td>২৮.৩৫</td></tr>
<tr><td>৪</td><td>সিলেট জোন</td><td>১০টি</td><td>৫২৫.০০</td><td>৩৩১.৯২</td><td>২৬৩.৮৩</td><td>৫০.২৫</td></tr>
<tr><td>৫</td><td>খুলনা জোন</td><td>১৩টি</td><td>৭১৯.৯৩</td><td>৩৭৮.৪৩</td><td>২৭৯.৭৫</td><td>৩৮.৮৬</td></tr>
<tr><td>৬</td><td>কুমিল্লা জোন</td><td>২০টি</td><td>১১৭৪.৪০</td><td>৫৫৫.৬৯</td><td>২৭৯.২০</td><td>২৩.৭৭</td></tr>
<tr><td>৭</td><td>গোপালগঞ্জ জোন</td><td>৪টি</td><td>২৭০.৩৬</td><td>৯৭.৬৮</td><td>৬৯.২৮</td><td>২৫.৬৩</td></tr>
<tr><td>৮</td><td>বরিশাল জোন</td><td>৮টি</td><td>৩৭০.৪৭</td><td>১৫৫.২৩</td><td>১১৯.২৬</td><td>৩২.১৯</td></tr>
<tr><td>৯</td><td>রাজশাহী জোন</td><td>৬টি</td><td>৩৪৮.০০</td><td>১৭৪.০০</td><td>১৬১.৬০</td><td>৪৬.৪৪</td></tr>
<tr><td>১০</td><td>রংপুর জোন</td><td>১৩টি</td><td>৩৯৯.৬৪</td><td>২১৬.৭৫</td><td>১৫৮.০৮</td><td>৩৯.৫৬</td></tr>
<tr><td>১১</td><td>স্বতন্ত্র প্রকল্পসমূহ</td><td>২১টি</td><td>৮১৪৪.৬৩</td><td>৪৪৯০.৮৯</td><td>২১২৬.৯১</td><td>২৬.১১</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১৫০টি</td><td>১৫৭২৮.২৩</td><td>৭৯৪৩.৫৫</td><td>৪৫০৮.২৬</td><td>২৮.৬৬</td></tr>
</table>
সভায় সওজ অধিদপ্তরের জোনভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সচিব মহোদয় ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, গোপালগঞ্জ জোনের অধীনে বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। জোনভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও অর্থ ব্যয় কাঙ্খিত পর্যায়ে উন্নীত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>প্রকল্পভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন এবং এডিপি বরাদ্দের ১০০% অর্থ ব্যয় নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগন</td></tr>
<tr><td>২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প প্রকল্প</td><td>সংশোধিত অননুমোদিত প্রকল্প দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ, চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে অনতিবিলম্বে প্রস্তাব প্রেরণ এবং চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সমাপ্ত করা সম্ভব হবে না সেগুলোর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>(ক) সংশোধিত অননুমোদিত প্রকল্প দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(খ) চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে অনতিবিলম্বে প্রস্তাব প্রেরণ করতে হবে;</td><td>সকল সংস্থা/প্রকল্প পরিচালক</td></tr>
</table>

www.rthd.gov.bd || date: 2019-03-05

		(গ) চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সমাপ্ত করা সম্ভব হবে না সেগুলোর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.৩ অর্থ ছাড়	সভায় ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও যথাযথ ব্যয় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। একাধিক কিস্তির প্রয়োজন হলে যথানিয়মে প্রস্তাব প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়।	২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও ব্যয় নিশ্চিত করতে হবে এবং একাধিক কিস্তির প্রয়োজন হলে যথানিয়মে প্রস্তাব প্রেরণ করতে হবে।	সকল সংস্থা
২.৪ পিসিআর	২০১৭-২০১৮ অর্থবছরে মোট সমাপ্ত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, সেগুলোর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া, যে সকল প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে সেসকল প্রকল্পের পিসিআর এর ওপর আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্যাদি প্রেরণের জন্য সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়।	ক) সমাপ্ত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, সেগুলোর পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; খ) যে সকল প্রকল্পের পিসিআর আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে সেসকল প্রকল্পের পিসিআর এর ওপর আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্যাদি প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা
২.৫ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প)	সভাকে জানানো হয় যে, এ পর্যন্ত প্রাপ্ত গুরুত্বপূর্ন আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪০০-৭০০ কোটি টাকা পর্যন্ত। যে সমস্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি আশানরুপ হয়নি সেসকল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এসকল প্রকল্পের মধ্যে কোন প্রকল্পের সংশোধন, আন্তঃখাত বা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পিএসসি সভার সুপারিশ নিয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।	ক) যে সমস্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি আশানরুপ হয়নি সেসকল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত করতে হবে; খ) যে সকল প্রকল্পের সংশোধন, আন্তঃখাত বা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন তা পিএসসি সভার সুপারিশ নিয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল জোন)
২.৬ নতুন অনুমোদিত প্রকল্প	সভায় নতুন অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক উল্লেখ করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের যে জনবল রয়েছে তাতে সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা অত্যন্ত দুরহ। প্রকল্পের ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা অন্য কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করাই সমীচীন হবে। এক জোনের কর্মকর্তা অন্য জোনের প্রকল্পের দায়িত্বে থাকলে বাস্তবায়ন/সুপারভিশন যথাযথ হবে না এবং এডিপি বাস্তবায়নসহ প্রকল্পের অগ্রগতি বাধাগ্রস্ত হবে মর্মে প্রতীয়মান হয়। বাস্তব অবস্থার নিরীখে কিভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যায় তা বিবেচনা করা প্রয়োজন। নতুন অনুমোদিত প্রকল্পসমূহের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) নতুন অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) নতুন অনুমোদিত প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পে অন্তর্ভুক্ত সেতু ও মহাসড়কের ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে; (গ) নতুন অনুমোদিত প্রকল্পে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	অতিরিক্ত সচিব ও সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক

www.rthd.gov.bd || date: 2019-03-05

২.৭ অননুমোদিত প্রকল্প	সভাকে অবহিত করা হয় যে, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর, রাজশাহী, গোপালগঞ্জ ও চট্টগ্রাম জোনের সড়ক উন্নয়ন সংক্রান্ত ডিপিপিসমূহ অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। নতুন ডিপিপি প্রণয়ন, অভ্যন্তরীন যাচাই সভা ও পিইসি সভায় সুপারিশকৃত ডিপিপি দ্রুত পুনর্গঠন করে মন্তরণালয়ে দাখিল করতে নির্দেশনা দেয়া হয়।	ডিপিপিসমূহ অনুমোদনের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন
২.৮ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প	সভাকে জানানো হয় যে, ২০১৮-২০১৯ অর্থবছরে যে সকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারণ করা হয়েছে তা অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে স্ব স্ব জোনের সমাপ্তযোগ্য প্রকল্পগুলোর কাজ পর্যালোচনা করে চলমান কাজ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেয়ার পাশাপাশি দরপত্র আহ্বান করা না হয়ে থাকলে আহ্বান করার পরামর্শ দেয়া হয় এবং দরপত্র মূল্যায়ন চলমান থাকলে দ্রুত সম্পন্ন করে কার্যাদেশ দেয়ার জন্য বলা হয়। কোন প্রকল্প সংশোধন প্রয়োজন হলে এখনই উদ্যোগ নিতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়।	(ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ স্ব স্ব জোনের সমাপ্তযোগ্য প্রকল্পগুলোর কাজ পর্যালোচনা করে চলমান কাজ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন। (খ) কোন প্রকল্পে দরপত্র আহ্বান করা না হয়ে থাকলে দ্রুত দরপত্র আহ্বান করতে হবে এবং দরপত্র মূল্যায়ন চলমান থাকলে দ্রুত সম্পন্ন করে কার্যাদেশ দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) প্রকল্প সংশোধন প্রয়োজন হলে এখনই উদ্যোগ নিতে হবে। বিশেষ করে যে সকল প্রকল্প জুন ২০১৯ তে সমাপ্তির জন্য নির্ধারিত সে সকল প্রকল্পের সংশোধন প্রয়োজন হলে তা মার্চ ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)
বিবিধ	সমাপ্তির জন্য নির্ধারিত ৩৫টি প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে এবং ২০১৮-২০১৯ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের গুনগতমান মূল্যায়ন করা হবে। কাজেই প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। সমাপ্তিযোগ্য প্রকল্পসহ অন্যান্য চলমান প্রকল্পের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা করে কোন সমস্যা থাকলে প্রয়োজনীয় সমাধানের ব্যবস্থা নেয়ার জন্য যুগ্মপ্রধানকে নির্দেশনা দেয়া হয়। উপরন্তু সমাপ্তযোগ্য প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নের অঙ্গভিত্তিক বিবরণসহ এ অর্থবছরে অর্থের চাহিদা জানানোর জন্য মন্ত্রণালয় হতে পত্র দেয়ার জন্য বলা হয়। সওজ অধিদপ্তরের ব্রিজ ডিজাইন ও পেভমেন্ট ডিজাইন কার্যক্রমে সময় বেশী নেয়া হয় মর্মে সভায় উল্লেখ করা হয়। বিভিন্ন সার্ভে/সমীক্ষা/জরীপ কাজ সম্পাদনের জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রয়োজন হলে সমীক্ষা প্রকল্প প্রণয়ন করতে পারে। জিওবি অর্থে প্রস্তাবিত প্রকল্পের রাজস্ব খাতে (জনবল, স্টেশনারী, প্রকাশনা, বিবিধ সভার জন্য সম্মানী, অস্থায়ী শ্রমিক মুজুরি, মেরামত/সংরক্ষণ, প্রকল্প কাজ শুরু করা ও সমাপ্ত কাজ উদ্বোধন করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের ইঞ্জিনিয়ারিং এস্টিমেট নির্ধারণে অনেক বেশী সময় নেয়া হয়। প্রকল্প অনুমোদনের পরপরই এ কাজ সম্পন্ন করা এবং দরপত্র আহ্বান করার উপর জোর দিয়ে পিপিএ ২০০৮ এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করার জন্য বলা হয়। আবার কখনো দেখা যায় যে, কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী। এ ধরণের বিষয় পরিহার করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের রাজাপুর-কাঠালিয়া-আমুয়া-বামনা-পাথরঘাটা মহাসড়কের প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের কাজের গুনগতমান ও ধীরগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে বিধায় প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (খ) সমাপ্তিযোগ্য প্রকল্পসহ অন্যান্য চলমান প্রকল্পের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অবস্থা ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করে তা সমাধানের পরামর্শ/উদ্যোগ গ্রহণ করতে হবে। (গ) সমাপ্তযোগ্য প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নের অঙ্গভিত্তিক বিবরণসহ এ অর্থবছরে অর্থের চাহিদা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (ঘ) সওজ অধিদপ্তরের ব্রিজ ডিজাইন ও পেভমেন্ট ডিজাইন এর চলমান কাজ ও ডিজাইনের জন্য অপেক্ষমান কাজের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (ঙ) সমাপ্ত কাজ উদ্বোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (চ) প্রকল্পের ইঞ্জিনিয়ারিং এস্টিমেট প্রণয়নে অনেক বেশী সময় নেয়া পরিহার করতে হবে। প্রকল্প অনুমোদনের পরপরই এ কাজ সম্পন্ন করতে হবে। (ছ) পিপিএ ২০০৮ এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করতে হবে। (জ) কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী হবে না।	প্রধান প্রকৌশলী, সওজ ,অধিদপ্তর অন্যান্য সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং

www.rthd.gov.bd || date: 2019-03-05

	ঢাকা জোনের সকল প্রকল্পের অগ্রগতি নিয়ে আগামী ১৫-০৩-২০১৯ তারিখের পূর্বে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা আহবানের বিষয়ে সভায় আলোচনা হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য জোনের প্রকল্পের অগ্রগতি নিয়েও সভা করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সকল সড়ক ও মহাসড়কে পর্যাপ্ত ওভারহেড ডিসপ্লে এবং শার্প মোড়ে উত্তল দর্পণসহ সাইন সিগনালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	(ঝ) রাজাপুর-কাঠালিয়া-আমুয়া-বামনা-পাথরঘাটা মহাসড়কের প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের কাজের গুনগতমান ও ধীরগতির বিষয়ে ঠিকাদারের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঞ) পাঁচ বছর বা তদুর্দ্ধকাল ধরে বাস্তবায়ন করা হচ্ছে অথচ প্রকল্প কার্যক্রম ধীরগতি এমন প্রকল্পের তালিকা প্রণয়ন করে প্রধান প্রকৌশলী পর্যায়ে পর্যালোচনা করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। (ট) ঢাকা জোনের সকল প্রকল্পের অগ্রগতি নিয়ে আগামী ১৫-০৩-২০১৯ তারিখের পূর্বে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা আহবান করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য জোনের প্রকল্পের অগ্রগতি নিয়েও সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঠ) সকল সড়ক ও মহাসড়কে পর্যাপ্ত ওভারহেড ডিসপ্লে এবং সার্প মোড়ে উত্তল দর্পণসহ সাইন সিগনালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	

৩. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

www.rthd.gov.bd || date: 2019-03-05